

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১  
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০২৯.২০২০- ৯২ (৩৫)


তারিখ: ২৯ মাঘ ১৪২৬  
০২ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: লালমনিরহাট জেলা কারাগারের জেলার জনাব মোঃ মাসুদুর রহমান এর আকস্মিক মৃত্যুবরণ প্রসঙ্গে

বরাত: লালমনিরহাট জেলা কারাগারের পত্র নং-৫৮.০৪.৫২০০.১৬৬.০১.০০৩.২০-২৯৬/৩ তারিখ: ২৯/০১/২০২০

লালমনিরহাট জেলা কারাগারের জেলার জনাব মোঃ মাসুদুর রহমান ২৯/০১/২০২০ তারিখ সকাল ১১:২০ ঘটিকায় আকস্মিক মৃত্যুবরণ করায় কারা প্রশাসন গভীর শোক ও সমবেদনা প্রকাশ করছে। মরহমের পরিবারের নিকট হস্তান্তরের জন্য একটি শোকবার্তা এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: শোকবার্তা ০১ পাতা।

  
০২/০২/২০২০  
এ কে এম মোস্তফা কামাল পাশা  
রিগেডিয়ার জেনারেল  
কারা মহাপরিদর্শক  
ফোন: ৫৭৩০০৪৪৪ (দপ্তর)  
[ig@prison.gov.bd](mailto:ig@prison.gov.bd)

জেল সুপার  
লালমনিরহাট জেলা কারাগার

অনুলিপি (সংযুক্তসহ) জ্ঞাতার্থে:

১. কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ (ই-মেইল যোগে);
২. সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার (ই-মেইল যোগে);
৩. জেল সুপার, সকল জেলা কারাগার (ই-মেইল যোগে);
৪. সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা ;
৫. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; বিবেচ্য পত্রসহ শোকবার্তাটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৮. প্রশাসনিক কর্মকর্তা-১/২ পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১০. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য; এবং
১১. ব্যক্তিগত নথি।



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)

## শোকবার্তা


লালমনিরহাট জেলা কারাগারের জেলার জনাব মোঃ মাসুদুর রহমান হঠাৎ অসুস্থ্য জনিত কারণে অজ্ঞান হয়ে গেলে তাঁকে লালমনিরহাট ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল এর জরুরি বিভাগে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসকবৃন্দ পরীক্ষা-নিরীক্ষার পর ২৯/০১/২০২০ তারিখ সকাল ১১:২০ ঘটিকায় তাঁকে মৃত ঘোষণা করেন (ইন্সালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুর কারণ হিসাবে Brought dead due to Cardiorespiratory failure. History of previous IHD with stroke উল্লেখ করা হয়েছে। তাঁর নিজ জেলা ময়মনসিংহ। তিনি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর জন্ম তারিখ ১০/১১/১৯৬৮। মৃত্যুকালে মরহমের বয়স হয়েছিল ৫১ বছর ২ মাস ১৮দিন।

২। তিনি কারা বিভাগে ১৫/০৭/১৯৯৯ তারিখে ডেপুটি জেলার পদে যোগদান করেন এবং ০৬/০১/২০১০ তারিখে জেলার পদে পদোন্নতি প্রাপ্ত হন।

৩। তিনি মৃত্যুকালে স্ত্রী ও এক কন্যা সন্তান রেখে যান।

৪। সুদীর্ঘ কর্মজীবনে মরহম মোঃ মাসুদুর রহমান ছিলেন অত্যন্ত সাহসী, বিনয়ী, ন্যায়পরায়ন, সদালাপী, বন্ধুবৎসল ও শৃঙ্খলাবোধ সম্পন্ন একজন মানুষ।

৫। তাঁর অকাল মৃত্যুতে কারা বিভাগ গভীর সমবেদনা ও শোক প্রকাশ করছে। মহান আল্লাহ তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের ধৈর্য ধারণ করার ক্ষমতা প্রদান এবং তাঁকে বেহেশতের উত্তম স্থানে/অধিষ্ঠিত করুন- আমিন।

  
০২/০২/২০২০  
এ কে এম মোস্তফা কামাল পাশা  
রিগেডিয়ার জেনারেল  
কারা মহাপরিদর্শক  
ফোন: ৫৭৩০০৪৪৪ (দপ্তর)  
[ig@prison.gov.bd](mailto:ig@prison.gov.bd)